

# দানিয়েল বেনসাইদ (১৯৪৬-২০১০)

ফ্রান্সের প্রাক্তন দল বিপ্লবী কমিউনিস্ট লীগের অন্যতম প্রতিষ্ঠাতা নেতা, বর্তমানের দল নয়া ধনতন্ত্রবিরোধী পার্টির নেতা ও চতুর্থ আন্তর্জাতিকের নেতা দানিয়েল বেনসাইদ গত ১২ই জানুয়ারি, ১৫ বছর ব্যাপী এইডস রোগ ও কলেকমাস কঠোর ক্যান্সার রোগ ভোগের পর মৃত্যুবরণ করেছেন।

বেনসাইদ এবং অ্যালাঁ ক্রিভিন ছিলেন কমিউনিস্ট যুব সংগঠন (JCR)-এর নেতা। ১৯৬৮তে ফ্রান্সের ছাত্র-শ্রমিক বিক্ষোভ পর্বে তিনি গোড়া থেকে আন্দোলনের গতিপ্রকৃতি বুঝতে পারেন এবং ছাত্র আন্দোলনের সঙ্গে শ্রমিকদের সাধারণ ধর্মঘটের সমন্বয় সাধনের উপর জোর দেন।

বেনসাইদ ছিলেন একাধারে আন্তর্জাতিকতাবাদী, আবার ফ্রান্সের বিপ্লবী ঐতিহ্যের ধারক। ১৯৮৯ সালে, ফরাসী বিপ্লবের দ্বিশতবর্ষে তিনি রচনা করেন *Moi, la Revolution* (আমি, বিপ্লব)। তিনি ব্যবউফ ও ব্লাঁকির ধারা অর্থাৎ জঙ্গী জ্যাকবঁয়া রাজনীতিকে শ্রদ্ধা করতেন, যেমন করতেন গণতান্ত্রিক অধিকারের সেই চেতনাকে, যা এসেছিল ১৮৭১-এর পারী কমিউন থেকে। কিন্তু তিনি দক্ষিণ আমেরিকার বিপ্লবী আন্দোলনের অভ্যন্তরীণ তর্ক-বিতর্কের সঙ্গেও যুক্ত ছিলেন। রুশ বলশেভিকবাদকে তিনি দেখতেন জঙ্গী জ্যাকবঁয়াবাদের উত্তরাধিকারী হিসেবে। সোভিয়েত ইউনিয়নের পতনের পর লেনিনের যে ক্রমাগত নেতিবাচক মূল্যায়ন, তিনি তার দৃঢ় বিরোধী ছিলেন। ফরাসী র্যাডিকাল মতবাদের অন্যতম বৈশিষ্ট্য দৃঢ় ধর্মনিরপেক্ষতাও তাঁর অন্তত দুটি গ্রন্থে দেখা যায়- *Fragments mécréants* (অবিশ্বাসীর প্রতর্ক) এবং *Eloge de la politique profane* (ধর্মনিরপেক্ষ রাজনীতির প্রশংসায়)। তাঁর সবচেয়ে গুরুত্বপূর্ণ তাত্ত্বিক রচনা হল *Marx l'intempestif* (ইংরেজীতে *A Marx for Our Times* বা আমাদের যুগের জন্য মার্ক্স)। এইডস আক্রান্ত হয়ে, মৃত্যু আসন্ন ধরে নিয়ে তিনি ১৫ বছরে প্রায় ২০টি বই লেখেন। একই সঙ্গে, তিনি বিভিন্ন রাজনৈতিক লড়াইয়ের সঙ্গেও যুক্ত ছিলেন। ২০০৩ সালে চতুর্থ আন্তর্জাতিকের বিশ্ব কংগ্রেসে তিনি ছিলেন অন্যতম ফরাসী প্রতিনিধি। বিপ্লবী কমিউনিস্ট লীগকে ভেঙে দিয়ে এন.পি.এ. গঠনেও তাঁর স্পষ্ট সমর্থন ছিল। বেনসাইদের এই সাম্প্রতিক মতামতের সঙ্গে আমাদের সংগঠনের মত এক নয়। কিন্তু তিনি ও তাঁর কমরেডরা যে প্রশ্নগুলি তুলেছেন, তা গুরুত্বপূর্ণ, এবং যঁারা ঐ মত গ্রহণ করতে প্রস্তুত নন, তাঁদেরও ঐ মতের মোকাবিলা করতেই হবে।